

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৭১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কোন মৃত ব্যক্তির জানাযার সালাত ৪০ জন ব্যক্তি আদায় করলে এবং তারা তার জন্য সুপারিশ করলে মহান আল্লাহ তাকে ক্ষমা করে দেন

ذِكْنُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِلْمَيِّتِ إِذَا صَلَّى عَلَيْهِ أَرْبَعُونَ يَشْفَعُونَ فِيهِ

আরবী

3071 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّتَنَا أَجْمَدُ بْنُ عِيسَى الْمِصْرِيُّ قَالَ: حَدَّتَنَا أَبْنِ وَهْبٍ قَالَ: حَدَّتَنَا أَبُو صَخْرٍ حُمَيْدُ بْنُ زِيَادٍ عَنْ شَرِيكِ بْنِ أَبِي نَمِرٍ عَنْ كُرَيْبٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ مَاتَ ابْنُ لَهُ بِقُدَيْد ـ أَوْ بِعُسْفَانَ ـ فَقَالَ: يَا كُرَيْبُ انْظُرْ مَا كُرَيْبٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: فَخَرَجْتُ فَإِذَا نَاسٌ قَدِ اجْتَمَعُوا فَأَخْبَرْتُهُ فَقَالَ: يَكُونُونَ اجْتَمَعُوا فَأَخْبَرْتُهُ فَقَالَ: يَكُونُونَ أَرْبَعِينَ؟ قَالَ: قُلْتُ: نَعَمْ قَالَ: اخْرُجُوا بِهِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَلْهُ فَقِالَ: يَقُومُ عَلَى جَنَازَتِهِ أَرْبَعُونَ رَجُلًا لَا يُشْرِكُونَ بِاللَّهِ شَيْئًا إِلَّا شَقْعَهُمُ اللَّهُ فِيهِ)

الراوي : كُرَيْب | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3071 | خلاصة حكم المحدث: صحيح - ((الأحكام)) (127).

বাংলা

৩০৭১. কুরাইব রহিমাহল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমার এক ছেলে কুদাইদ অথবা উসফান নামক জায়াগায় মারা যায়। তখন আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, "হে কুরাইব, তুমি দেখো তো তার জানাযার জন্য কী পরিমাণ লোক একত্রিত হয়েছে।" রাবী বলেন, "তারপর আমি বের হলাম। অতঃপর আমি দেখলাম যে, তার জানাযার জন্য বেশ কিছু লোক উপস্থিত হয়েছে। অতঃপর আমি তাকে বিষয়টি অবহিত করলে, তিনি বলেন, "তারা কি সংখ্যায় ৪০ জন হবে?" রাবী বলেন, "আমি বললাম, জ্বী, হ্যা।" তখন তিনি বলেন, "তবে তাকে নিয়ে তোমরা বের হও। কেননা নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যে কোন মুসলিম ব্যক্তি মারা গেলে, যদি তার জানাযায় ৪০ জন



লোক দাঁড়ায়, যারা আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করে না, তবে মহান আল্লাহ ঐ ব্যক্তির ব্যাপারে তাদের সুপারিশ গ্রহণ করবেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৭৭; সহীহ মুসলিম: ৯৪৮; আবূ দাউদ: ৩১৭০; সুনান বাইহাকী: ৪/৩০; বাগাবী: ১৫০৫; তাহাবী, মুশকিলুল আসার: ২৭১; ইবনু মাজাহ: ১৪৮৯; তাবারানী: ১১/১২১৫৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ কুরায়ব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন